সৃজনশীল বাংলাদেশ

জেলা শিল্পকলা একাডেমি, সুনামগঞ্জ

**www.shilpakala.sunamganj.gov.bd**

## ১.৩ বার্ষিক প্রতিবেদন প্রকাশ

### জেলা শিল্পকলা একাডেমি সুনামগঞ্জ এর উল্লেখযোগ্য কার্যাবলী ও সাফল্য

### গণহত্যার পরিবেশ থিয়েটার "দাঁড়াও পথিক" মঞ্চায়ন

সুনামগঞ্জের দোয়ারাবাজার উপজেলার সুরমা নদীর তীরে নৈনগাঁও এলাকার বধ্যভূমিতে গণহত্যার ইতিহাস নিয়ে নির্মাণ করা নাটক 'দাঁড়াও পথিক' মঞ্চস্থ হয়েছে। স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজন ও জেলা শিল্পকলা একাডেমির ব্যবস্থাপনায় দেশের ৬৪ জেলার ৬৫টি বধ্যভূমিতে গণহত্যার নাটক মঞ্চায়নের অংশ হিসেবে ২৪ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ নাটকটির মঞ্চায়ন হয়।


২৩ ডিসেম্বর সুনামগঞ্জ জেলা শহর থেকে জেলা শিল্পকলা একাডেমির কর্মকর্তা এবং নাটকের সঙ্গে যুক্ত কলাকুশলীরা লঞ্চে করে দোয়ারাবাজারের নৈনগাঁও পৌঁছান এবং ঐদিন রাতে কারিগরী মহড়া প্রদান করেন। ২৪ ডিসেম্বর সুরমা নদীর তীরে খোলা প্রান্তরে মঞ্চায়িত নাটকটি এলাকার বীর মুক্তিযোদ্ধা, শিক্ষক-শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণিপেশার প্রায় তিন হাজার মানুষ উপভোগ করেন। নাটকে দৃশ্যের প্রয়োজনে ব্যবহার করা হয়েছে সুরমা নদী, লঞ্চ, খেয়ানৌকা, নদীর তীরে রাখা বালুর স্তূপ, খোলা মাঠ। আলোকসজ্জা, গল্প উপস্থাপনের কৌশল ও ভিন্নতায় পুরো এলাকাটি যেন নাটকের অংশ হয়ে ওঠে।

'দাঁড়াও পথিক' নাটকটি রচনা ও নির্দেশনা দিয়েছেন সুনামগঞ্জের জেলা সাংস্কৃতিক কর্মকর্তা আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী। সহযোগী নির্দেশক ছিলেন দেবাশীষ তালুকদার শুভ্র ও দেওয়ান গিয়াস চৌধুরী। নাটক শুরুর আগে ভার্চুয়ালি যুক্ত হয়ে আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করেন বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক লিয়াকত আলী লাকী। সন্ধ্যা সাতটায় নাটক শুরু হয়।

নাটকে অভিনয় করেন হীরেন্দ্র ভূষণ তালুকদার, রুনা শাহীন আরা লেইস, পল্লব ভট্টাচার্য, দেওয়ান গিয়াস চৌধুরী, দেবাশীষ তালুকদার, সাদিকুর রহমান খান, সামির পল্লব, অমিত বর্মণ, তূর্য দাস, আশীষ বর্মণ, রাজীব রায়, মাহফুজ আলম, তন্ময় চৌধুরী, মো. আমজাদ হোসেন ভূঁইয়া, সোহানুর রহমান, ইখতেখার সাজ্জাদ, শিপা আক্তার, ঝর্ণা আক্তার, নোভা চৌধুরী, মৌলি তালুকদার, প্রমি তালুকদার, মৌমিতা বিশ্বাস, নদী দে, অর্চি নাগ, বন্যা সরকার প্রমুখ।


দাঁড়াও পথিক
রচনা ও নির্দেশনা
আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী
সহযোগী নির্দেশক
দেবাশীষ তালুকদার শুভ্র
দেওয়ান গিয়াস চৌধুরী
গবেষণা
মামুন সিদ্দিকী
গবেষণা নির্বাহী
আবু ছালেহ মোঃ আব্দুল্লাহ
প্রযোজনা নির্মাণ ও মঞ্চায়ন নির্বাহী
আলি আহমেদ মুকুল
প্রযোজনা অধিকর্তা
এড. মোঃ শামছুল আবেদীন
প্রযোজনা উপদেষ্টা
মোঃ জাহাঙ্গীর হোসেন
পরিবেশনায়
জেলা শিল্পকলা একাডেমি
রেপার্টরি নাট্যদল, সুনামগঞ্জ
স্থান ■ নৈনগাঁও বধ্যভূমি, দোয়ারাবাজার, সুনামগঞ্জ
তারিখ ■ ২৪ ডিসেম্বর ২০২১ ■ সন্ধ্যা ৭ ঘটিকা
ব্যবস্থাপনায় জেলা শিল্পকলা একাডেমি সুনামগঞ্জ
সহযোগিতায় জেলা প্রশাসন সুনামগঞ্জ
আয়োজনে বাংলাদেশ শিল্পকলা একাডেমি
পৃষ্ঠপোষকতায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়


কলাকুশলী
অভিনয় শিল্পী
সঙ্গীত শিল্পী
কৃতজ্ঞতা
সহযোগিতায়
দাঁড়াও পথিক
রচনা ও নির্দেশনা
আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী
সহযোগী নির্দেশক
দেবাশীষ তালুকদার শুভ্র
দেওয়ান গিয়াস চৌধুরী


মহাপরিচালকের কথা
জেলা প্রশাসক ও সভাপতির কথা
সাধারণ সম্পাদকের কথা
নাট্যকার ও নির্দেশকের কথা

বঙ্গবন্ধু ও স্বাধীনতা শিরোনামে ৪দিনব্যাপী বইমেলায় অংশগ্রহণ

জেলা প্রশাসন সুনামগঞ্জ কর্তৃক আয়োজিত বঙ্গবন্ধু ও স্বাধীনতা শিরোনামে ৪দিনব্যাপী বইমেলা ৩০ ডিসেম্বর ২০২১ শুরু হয়ে ০২ জানুয়ারি ২০২২ পর্যন্ত চলমান থাকে। জেলা শিল্পকলা একাডেমি সুনামগঞ্জ উক্ত বইমেলায় বাংলাদেশ শিল্পকলা একাডেমি থেকে প্রাপ্ত ও স্থানীয়ভাবে ক্রয়কৃত বইয়ের সমাহার নিয়ে মেলায় অংশগ্রহণ করে। পাশাপাশি চারদিনব্যাপী বইমেলায় প্রতিদিন সন্ধ্যাকালীন সাংস্কৃতিক আয়োজনে জেলা শিল্পকলা একাডেমির তত্ত্বাবধানে গুণী শিল্পীবৃন্দ, প্রশিক্ষণার্থীবৃন্দ এবং বিভিন্ন সাংস্কৃতিক সংগঠন অংশগ্রহণ করে।



**অপেক্ষার ৪৩ বছর নাটক মঞ্চায়ন**

জেলা শিল্পকলা একাডেমি সুনামগঞ্জ এর সহযোগিতায় ০৭ জানুয়ারি সন্ধ্যা ০৭ঘটিকায় থিয়েটার সুনামগঞ্জ এর পরিবেশনায় মঞ্চস্থ হয় নাটক অপেক্ষার ৪৩ বছর। নাটকটির নাট্যকার ও নির্দেশক ছিলেন থিয়েটার সুনামগঞ্জ এর প্রতিষ্ঠাতা দেওয়ান গিয়াস চৌধুরী। নাট্য প্রদর্শনীতে উপস্থিত ছিলেন সুনামগঞ্জ পৌরসভার সম্মানিত মেয়র নাদের বখত, অতিক্তি পুলিশ সুপার জয়নাল আবেদীন, হাছন রাজা ট্রাস্টের সভাপতি দেওয়ান ইমদাদ রেজা চৌধুরী, জেলা কালচারাল অফিসার আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।



**বীরাঙ্গনার বয়ান নাটক মঞ্চায়ন**

বন্ধন থিয়েটার সুনামগঞ্জ এর আয়োজনে এবং জেলা শিল্পকলা একাডেমি সুনামগঞ্জ এর সহযোগিতায় ০৮ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ সন্ধ্যা ০৭ ঘটিকায় শব্দ নাট্যচর্চাকেন্দ্র ঢাকা হাছন রাজা মিলনায়তনে মঞ্চস্থ করে একক নাটক বীরঙ্গনার বয়ান। নাটকটির রচয়িতা রওশন জামান রুশনি এবং নির্দেশক দেবাশীষ ঘোষ। নাট্য প্রদর্শনীতে উপস্থিত ছিলেন সুনামগঞ্জ সরকারি কলেজের বাংলা বিভাগের সহকারি অধ্যাপক মো. জাকির হোসেন, বিশিষ্ট নাট্যব্যক্তিত্ব রমেন্দ্র ভট্টাচার্য্য, কবি সুখেন্দু সেন, সাংস্কৃতিক সংগঠক অলক ঘোষ চৌধুরী, জেলা কালচারাল অফিসার আহমেদ মঞ্জুরুল হক চৌধুরীসহ গুণী ব্যক্তিবৃন্দ।



**অভিশপ্ত আগস্ট নাটকের মঞ্চায়ন**

জেলা পুলিশ সুনামগঞ্জ এর আয়োজনে এবং জেলা শিল্পকলা একাডেমির সহযোগিতায় ০৯ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ সন্ধ্যা ০৭ ঘটিকায় হাছন রাজা মিলনায়তনে মঞ্চস্থ হয় বাংলাদেশ পুলিশ থিয়েটার প্রযোজনা অভিশপ্ত আগস্ট। নাটকটির পরিকল্পনা, গবেষণা ও তথ্য সংকলন করেছেন হাবিবুর রহমান এবং নির্দেশনা দিয়েছেন মোঃ জাহিদুর রহমান। নাট্য প্রদর্শনীতে উপস্থিত ছিলেন সুনামগঞ্জ জেলার জেলা প্রশাসক মোঃ জাহাঙ্গীর হোসেন, পুলিশ সুপার মোঃ মিজানুর রহমান বিপিএম, সুনামগঞ্জ পৌরসভার মেয়র নাদের বখতসহ সুধী সমাজ ও সাংস্কৃতিক অঙ্গনে নেতৃবৃন্দ এবং সাংবাদিকবৃন্দ।



## জেলা লোক সাংস্কৃতিক উৎসব

জেলা শিল্পকলা একাডেমি সুনামগঞ্জ ৩০ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ বৃহস্পতিবার জেলা লোক সাংস্কৃতিক উৎসব আয়োজন করেন। এ উপলক্ষে জেলা শিল্পকলা একাডেমির পুরো ক্যাম্পাস বর্ণিল সাজে সজ্জিত হয়। সন্ধ্যায় আলোচনা অনুষ্ঠানে জেলা শিল্পকলা একাডেমির নির্বাচিত সাধারণ সম্পাদক এড. মো. শামছুল আবেদীন এর সভাপতিত্বে অংশ গ্রহণ করেন জেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব নূরুল হুদা মুকুট, অতিরিক্ত পুলিশ সুপার মো. সুমন মিয়া, সুনামগঞ্জ সরকারি কলেজের সহকারি অধ্যাপক মো. জাকির হোসেন, কবি ও লেখক সুখেন্দু সেন, লোক সংস্কৃতি গবেষক মো.  সুবাস উদ্দিন, জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক এড. দেবদাস চৌধুরী রঞ্জন এবং দৈনিক প্রথম আলোর নিজস্ব প্রতিবেদক খলিল রহমান। আলোচনা অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন জেলা কালচারাল অফিসার আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী।

আলোচনা অনুষ্ঠানের পর শুরু হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের। মেহেদী হাসন এবং শশীর সঞ্চালনায় সাংস্কৃতিক পর্বে সঙ্গীত পরিবেশন করেন বাউল তছকির আলী, বাউল যোবায়ের বখত সেবুল, বাউল রণেশ ঠাকুর, বাউল শাহজাহান সিরাজ, বাউল হীরামোহন, বাউল জবান আলী, বাউল ফারুক মিয়া, বাউলা সুষেন, বাউল দিলাল উদ্দিন, বাউল বাবুলাল, বাউলা কানু, বাউল পংকজ, বাউল জহির আহমেদ সোহেল, বাউল শিবানী দাস শ্রাবণী, বাউল ফারজানা আক্তার আশা। দলীয় নৃত্য পরিবেশন করে জেলার ৫টি নৃত্য দল- নৃত্যাঙ্গন সুনামগঞ্জ, শতদল শিল্পী গোষ্ঠী, লোকদল শিল্পী গোষ্ঠী, সুন্দরম শিল্পী গোষ্ঠী, আন্তর্জাতিক রাধারমণ পরিষদ শান্তি গঞ্জ। যন্ত্রশিল্পী হিসেবে ছিলেন সুবীর বণিক, উত্তম দাশ, রশিদ উদ্দিন, অমিত বর্মণ, জায়েদ মাহমুদ। অনুষ্ঠান সমন্বয়ক ছিলেন জেলা কালচারাল অফিসার আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী।






## স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উৎসব

জেলা শিল্পকলা একাডেমি সুনামগঞ্জ ৩১ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ শুক্রবার স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উৎসব আয়োজন করেন। এ উপলক্ষে জেলা শিল্পকলা একাডেমির পুরো ক্যাম্পাস বর্ণিল সাজে সজ্জিত হয়। সন্ধ্যায় আলোচনা অনুষ্ঠানে জেলা শিল্পকলা একাডেমির নির্বাচিত সাধারণ সম্পাদক এড. মো. শামছুল আবেদীন এর সভাপতিত্বে অংশ গ্রহণ করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আনোয়ার উল হালীম, সিনিয়র সহকারি পুলিশ সুপার শুভাশিস, সুনামগঞ্জ সরকারি কলেজের প্রাক্তন অধ্যক্ষ পরিমল কান্তি দে, বীর মুক্তিযোদ্ধা আবু সুফিয়ান, দৈনিক সুনামগঞ্জের খবরের সম্পাদক পংকজ কান্তি দে, যুক্তরাজ্য লীডস আওয়ামীলীগের সভাপতি দিলাউর রহমান মুজিব, বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠী সুনামগঞ্জ জেলা সংসদের সাধারণ সম্পাদক মো. জাহাঙ্গীর আলম। আলোচনা অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন জেলা কালচারাল অফিসার আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী।

সঙ্গীত পরিবেশন করেন প্রসেনজিৎ দে, সোমা সাহা, দিপায়ন চৌধুরী, আহসান জামিল আনাছ, আলী আফসার সায়েন, শামীম আহমেদ, জেলী দাশ, অমিত বর্মণ, আবুল হাসনাত সুমন, অয়ন চৌধুরী। দলীয় সঙ্গীত পরিবেশন করে সুনামগঞ্জ জেলার তিনটি সাংস্কৃতিক সংগঠন- স্পন্দন, সাংস্কৃতিক সংস্থা, লোকদল শিল্পী গোষ্ঠী, সুনামগঞ্জ কালচারাল ফোরাম। দলীয় নৃত্য পরিবেশন করে পাঁচটি নৃত্য দল- নৃত্যাঙ্গন সুনামগঞ্জ, বাতিঘর সুনামগঞ্জ, শিশু একাডেমি, সুনামগঞ্জ, উপজেলা শিল্পকলা একাডেমি জামালগঞ্জ, সুন্দরম শিল্পী গোষ্ঠী। আবৃত্তি পরিবেশন করেন রবিউল ইসলাম পুলক, পল্লব ভট্টাচার্য্য এবং দেবাশীষ তালুকদার শুভ্র। যন্ত্রিশিল্পী হিসেবে উৎসবে যুক্ত ছিলেন এড. দেবদাস চৌধুরী রঞ্জন, কপিল পদ ঋষি, সন্তোষ কুমার চন্দ, রুম্মান আলতাফ এবং অনুপম প্রতীক। অনুষ্ঠান সমন্বয়ক ছিলেন জেলা কালচারাল অফিসার আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী।






**জেলা শিল্পকলা একাডেমি সুনামগঞ্জে কর্মরত কর্মকর্তার তথ্যাদি**

আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী
জেলা কালচারাল অফিসার
মোবাইল : ০১৭১৭৭০৩৪৬১
ফোন (অফিস) : ০৮৭১৬২২৭০
ইমেইল : dcosunamganj@gmail.com
বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ : ২০১৩-১০-০৮

**জেলা শিল্পকলা একাডেমি সুনামগঞ্জে কর্মরত কর্মচারীবৃন্দের তথ্যাদি**

| ক্র.নং | কর্মচারীর নাম | পদবী | মোবাইল |
|---|---|---|---|
| ১. | মো. সাইফুল ইসলাম | লাইট অপারেটর | ০১৭৬৩৩৬০৭৫৭ |
| ২. | আব্দুল কাদির | অফিস সহায়ক | ০১৭২৬০০৫৩২০ |
| ৩. | মো. হোসেন আলী | প্রহরী | ০১৭৭১০৫৪৪৪৭ |
| ৪. | জনাব সুমন মিয়া | নৈশ প্রহরী | ০১৭৫০৫৪৩৯৬১ |
| ৫. | জাহেরা বেগম | মালী কাম ঝাড়ুদার | ০১৭৮৩৯৫২৫৪৮ |
| ৬. | মো. সারোয়ার মিয়া | প্রহরী | ০১৩১৪০৭২৪৮১ |

**সেবার তালিকা**

জেলার বৈচিত্রময় সংস্কৃতির লালন, উৎকর্ষ সাধন ও বিকাশের জন্যে জেলা শিল্পকলা একাডেমি নানাবিধ কর্মসূচি বাসত্মবায়ন করে। জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন দিবস জেলা শিল্পকলা একাডেমি গুরুত্বের সঙ্গে যথাযথভাবে পালনে অঙ্গীকারাবদ্ধ। জেলা শিল্পকলা একাডেমির সামগ্রিক কর্মকান্ডের মূলে অবস্থান করছে এর প্রশিক্ষণ বিভাগের কার্যক্রম। উচ্চাঙ্গ সংগীত, সাধারণ সঙ্গীত, উচ্চাঙ্গ নৃত্য, সাধারণ নৃত্য, চারুকলা, নাটক ও তালযন্ত্রের উপর রয়েছে চার বছর ও দুইবছরব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম চলমান। বাংলাদেশ শিল্পকলা একাডেমি কর্তৃক নিযুক্ত জেলার উদ্যমী গুণী শিল্পী ও জাতীয় পর্যায়ের প্রশিক্ষকদের সমন্বয়ে এই প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়। এর সমাপ্তিতে প্রশিক্ষণার্থীরা প্রাপ্ত হবে বাংলাদেশ শিল্পকলা একাডেমি একটি বিশেষ সার্টিফিকেট যা তাদের পরবর্তী শিক্ষাজীবন, কর্মজীবন ও সামগ্রিক জীবনে গুরুত্বপূর্ণ সহায়তা যোগাবে। নূতন প্রজন্মকে সৃজনশীল, শিল্পচেতনায় জাগ্রত, আলোকিত চিত্ত ও ঋদ্ধ মানুষ হিসেবে নির্মাণ করতে এবং বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে সুস্থ সাংস্কৃতিক চর্চায় যুক্ত রাখতে বদ্ধ পরিকর।

**১৩.১০.২০২২**
(আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী)
জেলা কালচারাল অফিসার
সুনামগঞ্জ
ফোন নং : ০৮৭১-৬২২৭০
dcosunamganj@gmail.com